4363        I 3471 6        500 Rs.

INDIA NON JUDICIAL

५००रू.        Rs 500

भारत

पाँच सौ रुपया  FIVE HUNDRED RUPEES

... Tenancy Act duly Stamped ... does not require Stamp ... India Stamp Act 1899 ... amended by W. B. Stamp Amendment Act XVII of 1964, Schedule 1A No.......
FEES PAID

Sub-Registrar of Alipore at Alipore, Dist. 24-Parganas.

For DABUR (Dr. S. K. Burman) Ltd

সাফ বিক্রয় কোবালা, মূল্য ১০০০০ দশ হাজার টাকা

কোবালা গ্রহীতাঃ-

শ্রী গৌর চন্দ্র বনিক, পিতা ৺ললিত মোহন বনিক, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন - পাটুলী" থানা যাদবপুর, জিলা ২৪পরগনা"

কোবালা দাতাঃ-

ডাবর "ডাঃ এস, কে, বর্ম্মন" প্রাইভেট লিমিটেড, ভারতীয় কোম্পানী আইন অনুযায়ী রেজিস্টার্ড কোম্পানী, হেড অফিস ১৪২ নং রাস বিহারী এভেনিউ থানা টালিগঞ্জ, কলিকাতা -২৯ - পক্ষে - আমমোক্তার - শ্রী ফণীন্দ্র নাথ চক্রবর্ত্তী - পিতা শ্রী সুরেন্দ্র নাথ চক্রবর্ত্তী, জাতি হিন্দু পেশা চাকুরী, সাং ৩৩নং ইন্দ্রানী পার্ক, কলিকাতা -৩৩।

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশ ৷৩ তিন কাঠা শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদিদরবস হক হকুক সম্পত্তিনির্দায় নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগনা, থানা সদর টালিগঞ্জ বর্তমানে যাদবপুর, সাবরেজেস্ট্রি আলিপুর

8 Rs.

INDIA

आठ रुपया　आठ रुपया

EIGHT RUPEES भारत EIGHT RUPEES

For DABUR (Dr. S. K. Burman) Ltd.

২

পরগনা খাসপুর, রেঃ সাঃনং ১৭, জে, এল,নং ৩১ নং মৌজা বাদেমশড় গ্রাম মধ্যে অত্র জেলা কালেকটারির ২৪৬ -১৫১৬ -১৫১৮ নং তৌজী ভুক্ত ডিঃ সেঃ ৬২নং খতিয়ান ভুক্ত নিস্কর রায়ত স্হিতিবান স্বত্বের ৮৭ শতক জমি ডিঃ সেঃ পুর্ব্বে জনৈকা অঘোরমনি - দেব্যার ষোল আনা স্বত্ব দখলীয় সম্পত্তিছিল। উক্ত সম্পত্তি অঘোর মনি দেব্যা একক ষোল আনা অংশে নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকা অবস্হায় বিগত ইংরাজী - ৩১।১।১৯০৭ তারিখে এক কেতা রেজেস্ট্রি কৃত কোবালা দলিল দ্বারা উপযুক্ত পন মূল্য গ্রহনে আজিমুদ্দিন সরদার কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত কোবালা মূলে খরিদ সুত্রেউক্তআজিমুদ্দিন সরদার উক্ত সম্পত্তি একক নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগদখল করিতে থাকেন।তদনুযায়ী উক্ত আজিমুদ্দিন সরদার উক্তসম্পত্তি একক নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকেন। তদনুযায়ী উহা তাহার নামের ডিস্ট্রিকট সেটেলমেন্টের জরিপে ৬২ নং খতিয়ানে নিস্কর রায়তি স্বত্বে রেকর্ড হয়। উক্ত জমি জেলা ২৪ পরগনা কালেকটারির ৩৪৬ নং ক্ষুদ্র নিস্কর রূপে লিপিবদ্ধ থাকে। এস্হলে বিশেষ ভাবে উল্লেখ্য যে, উক্ত ৬২ নং খতিয়ান ভুক্ত ৮৭ শতক জমির মধ্যে ৩৩৯,৩৪০,৩৪২ নং দাগ ভুক্ত ৭৪ শতক জমি কেবল মাত্র ৬২নং খতিয়ানেরেকর্ড হয় এবং উক্ত সম্পত্তি হইতে তাঁহার ব্যক্তিগত স্বত্বাধিকার অত্র কোবালা দাতা কোম্পানীর

8 Rs

INDIA

आठ रुपया

EIGHT RUPEES भारत EIGHT RUPEES

For DABUR (Dr. S. K. Burman) Ltd.

৩

৩৪১ ও ৩৪৩ নং দাগের ⁻১৩ শতক জমি ভুল বশতঃ ২৮১ নং খতিয়ানে হরিশ চন্দ্র মুখোপাধ্যায়ের অধীনে পৃথক ভাবে রেকর্ড হয় । উক্ত ভুল রেকর্ডের বিরুদ্ধে ভুল সংশোধন জন্য উক্ত আজিমুদ্দিন সর্দার আলিপুর ১মমুনসেফী আদালতে ইংরাজী ১৯৩৭ সালের ৯০নং দেওয়ানী মোকর্দ্দমা দায়ের করেন । উক্ত মোকদদমা উভয় পক্ষের আপোষ সোলে নামা দ্বারা নিষ্পত্তি করিয়া লয়েন, উক্ত সোলে দাখিলী নকসায় দাখিলী সূত্রে ডিক্রি হয় এবং উক্ত সোলে ডিক্রি র সর্ত মত উক্ত ২৮২ নং খতিয়ানের জমি ৬২ নং খতিয়ানে ৩৪১ ও ৩৪৩ নং দাগের জমি রেকর্ড ভুক্ত হওয়া সাব্যস্ত হয়। অতঃপর বিগত ইংরাজী ১২।৮।১৯৩৮ তারিখে এক কেতা রেজেষ্ট্রি কৃত এক কেতা কোবালা দলিল দ্বারা উক্ত সমুদয় ৬২ নং খতিয়ান ভুক্ত ⁻৮৭ শতক জমি উক্ত আজিমুদ্দিন সরদারেরনিকট হইতে উপযুক্ত পন মুল্য প্রদানে জনৈক পাঁচু গোপাল দাস খরিদ করিয়া খাসে স্বত্ববান মালিক দখলিকার থাকেন । উক্ত কোবালায় উক্ত খতিয়ানের অন্যতম দাগ ৩৩৯ নং দাগে স্হলে ভুল ক্র মে ৩৩৪ নং দাগ লিখিত হয় । তদনন্তর বিগত ইংরাজী ২৪।১১।১৯৪০ তা তারিখে একটি ভ্রম সংশোধনী দলিল দ্বারা উক্ত ভুলটি আজিমুদ্দিন সরদার সংশোধন করিয়াদেওয়ায় উপরোক্ত সম্পত্তি শুদ্ধাবস্হায় নির্দোষ , নির্গোল অবস্হায় উক্ত পাঁচু

উক্ত সম্পত্তি হইতে তাঁহার ব্যক্তি গত স্বত্বাধিকার অত্র কোবালা দাতা কোম্পানীর

For DABUR (Dr. S. K. Burman)

গোপাল দাস ভোগ দখল করিতেথাকেন। অতঃপর বিগত ইংরাজী ৩১।৫।৪১ তারিখে এক কেতা রেজেষ্ট্রি কৃত কোবালা দলিল দ্বারা অন্যান্য সম্পত্তি সহ উক্ত পাঁচু গোপাল দাসের নিকট হইতে উপযুক্ত পন মুল্য প্রদানে জনৈক রায় গোপাল চন্দ্র গাঙ্গুলী বাহাদুর ও শ্রী বীরেন্দ্র কৃষ্ণ বিশ্বাস হইতে তুল্যাংশের টাকা লইয়া শ্রী গৌরী শঙ্কর মুখোপাধ্যায় ৬২ নং খতিয়ান ভুক্ত বাদেমশড় মৌজার উক্ত ৮৭ শতক জমিতে তুল্যাংশে স্বত্ববান মালিক দখলিকার থাকেন। উক্ত কোবালা আলিপুর রেজেষ্ট্রি অফিসের রেজেষ্ট্রি কৃত ১নং বহির ৫৯নং ভল্যুমের ১৫৩ হইতে ১৬০ নং পাতায় লিপিবদ্ধ ১৯৪১ সালের ২০৭৮ নং সাফ কোবালা দলিল রূপে রেজেষ্ট্রি হয়। অতঃপর উক্ত সম্পত্তি উক্ত রায় গোপাল চন্দ্র গাঙ্গুলী বাহাদুর, গৌরী শঙ্কর মুখার্জি ও শ্রী বীরেন্দ্র কৃষ্ণ বিশ্বাস সমতুল্যাংশে নির্ব্যূঢ় স্বত্বে খাসে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকা অবস্থায় বিগত ইংরাজী ১৮।৯।৪৪ তারিখে এক কেতা কোবালা দলিল দ্বারা উক্ত গোপাল চন্দ্র গাঙ্গুলী, গৌরী শঙ্কর মুখার্জি এবং বীরেন্দ্র কৃষ্ণ বিশ্বাসের নিকট হইতে অন্যান্য সম্পত্তি সহ উপরোক্ত বাদেমশড় মৌজায় ৬২ নং খতিয়ান ভু ক্ত ৮৭ শতক জমি আমরা অত্র কোবালাদাতা কোম্পানী উপযুক্ত মুল্য প্রদানে আমাদের তৎকালীন ম্যানেজিং ডাইরেকটার শ্রী পুরন চাঁদ বর্ম্মন নাম ব্যবহারে খরিদ করিয়া খাসে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে স্বত্ববান মালিক দখলিকার থাকি। উক্ত কোবালা মোকাম কলিকাতা রেজিষ্টার অব এ্যাসুয়েরেন্স এর অফিসের ১নং বহির ৯৫ নং ভল্যুমের ১৪২ হইতে ১৫২ নং পাতায় লিপিবদ্ধ ১৯৪৪ সালের ৩৫৯১ নং সাফ কোবালা দলিল রূপে রেজেষ্ট্রি হইয়াছে। পরবর্তী কালে উক্ত পুরন চাঁদ বর্ম্মন বিগত ইংরাজী ১৯৫১ সালে মোকাম আলিপুর ডিষ্ট্রিক্ট রেজেষ্ট্রি কৃত ১নং বহির ৮৯ নং ভল্যুমের ১৯৯ হইতে ২০১ নং পাতায় লিপিবদ্ধ ৪৪৭০ নং ডিড অব রিলিজ বা নাদাবী দ্বারা উপরোক্ত সমুদয় সম্পত্তি অত্রকোবালা দাতা কোম্পানীর অনুকূলে উক্ত সম্পত্তি অত্র কোবালা দাতা কোম্পানীর তহবিলের অর্থে খরিদ স্বীকারে উক্ত সম্পত্তি হইতে তাঁহার ব্যক্তিগত স্বত্বাধিকার অত্র কোবালা দাতা কোম্পানীর

বরাবর পরিত্যাগ করিয়া নিঃস্বত্ব হন। এমত প্রকারে আমরা অত্র কোবালা দাতা কোম্পানী উক্ত সম্পত্তিতে নির্দায় নির্দোষ মুক্ত অবস্থায় খাসে নিজ স্বত্ব দখল পরিচালনে ভোগ দখল করিতে থাকি। তদনুযায়ী হাল জরিপে উক্ত ৬২ নং খতিয়ান ভুক্ত জমি ৭৬ নং খতিয়ানে অত্র কোবালা দাতা কোম্পানীর নামে লিপিবদ্ধ হয়। এবং উক্ত থানার অন্তর্গত ঐ এলাকাধীন রেঃ সাঃ নং ২০ জে এল নং ৩৩ নং মৌজা রায়পুর গ্রাম মধ্যে অত্র জেলা কালেকটারির ৫৬ নং তৌজী ভুক্ত ডিঃ সেঃ ৩৯১ নং খতিয়ানের বার্ষিক ৩-০০ টাকা খাজনার রায়তি স্বত্বের $\frac{৯১৮}{১৩৮৬}$, $\frac{৯১৮}{১৩৮৭}$, $\frac{৯১৮}{১৩৯২}$ নং দাগের মোট -৫১ শতক জমি জনৈক এরফান লস্করের স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল। উক্ত এরফান লস্কর উক্ত সম্পত্তি বিগত ইং ১৯৩৭ সালের ১৫ই অকটোবর তারিখে জনৈক মোনাজাত লস্করের পত্নী আজিমন বিবির নিকট উপযুক্ত পন মূল্যে এক কেতা রেজেস্ট্রি কৃত কোবালা মূলে বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব হয়েন। অতঃপর উক্ত ৩৯১ নং খতিয়ান ভুক্ত -৫১ শতক জমির মধ্যে $\frac{৯১৮}{১৩৮৬}$ নং দাগের -৩০ শতক ও $\frac{৯১৮}{১৩৮৭}$ দাগের -০৩ শতক একুনে -৩৩ শতক জমি বিগত ইং ১৫।১।৪১ তারিখে এক কেতা রেজেস্ট্রি কৃত সাফকোবালা দ্বারা উক্ত আজিমন বিবির নিকট হইতে জনৈক আরমান আলি মণ্ডল খরিদ করিয়া খাসে স্বত্ববান মালিক দখলিকার থাকেন।

অতঃপর বিগত ইং ১৯।১২।৪৪ তারিখে এক কেতা রেজেস্ট্রি কৃত কোবালা দলিল দ্বারা উক্ত -৩৩শতক জমি উপরোক্ত আরমান আলি মণ্ডল উপযুক্ত পন মূল্য গ্রহনে ক্যালকাটা প্রপার্টিজ লিঃ এর নিকট বিক্রয় করতঃ নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। এমত প্রকারে উক্ত -৩৩ শতক জমি কোবালা মূলে খরিদ সূত্রে ক্যালকাটাপ্রপার্টিজ লিমিটেড্ অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার থাকেন। অতঃপর আমরা অত্র কোবালা দাতা কোম্পানী বিগত ইং ১০।১।৪৫ তারিখে মোকাম আলিপুর ডিস্ট্রিক্ট সাবরেজেস্ট্রি অফিসে রেজেস্ট্রি কৃত ১নং বহির ৬ নং ভল্যুমের ১১১ হইতে ১১৭ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৪৫ সালের ৯৬ নং সাফ কোবালা দলিল দ্বারা উক্ত রায়পুর মৌজার ৩৯১নং

For DABUR (Dr. S. K. Burman)

For DABUR (Dr. S. K. Burman)

খতিয়ান ভুক্ত ৯১৮/১৩৮৬ দাগের ৩০শতক ও ৯১৮/১৩৮৭ নংদাগের ০৩ শতক একুনে ৩৩ শতক জমি উল্লিখিত ক্যালকাটা প্রপার্টিজ লিমিটেডের নিকট হইতে উপযুক্ত পন মূল্যে খরিদ করতঃ খাসে স্বত্ববান মালিক দখলিকারআছি এবং তদনুযায়ী উক্ত জমি হাল রিভিসনাল সেটেলমেন্ট জরিপে অত্র কোবালা দাতা কোম্পানীর নামে রেকর্ড হইয়াছে ।

এমত প্রকারে উল্লিখিত রায়পুর মৌজায় ৩৯১ নং খতিয়ানভুক্ত জমি ও বাদেমশড় মৌজায় ৬২ নং খতিয়ান ভুক্ত জমি খরিদ করতঃ আমরা অত্র কোবালা দাতা কোম্পানী অন্যের বিনা স্বত্বসংশ্রবে খাসে ভোগ দখল করিতে থাকাঅবস্থায় উক্ত-জমির অধিকাংশ আমরা বিভিন্ন তারিখেবিভিন্ন ব্যক্তি রনিকট বিক্রয় করিয়া দিয়াছি । কেবলমাত্র বাদেমশড় মৌজায় ৩৪০নং দাগের কিছু জমি ও রায়পুরমৌজার ৯১৮/১৩৮৬ নং দাগের কিয়দংশ আমাদের খাস দখলে আছে।

বর্তমানে নানা কারণে অত্র কোবালাদাতা কোম্পানী নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত জমি নির্দায় , নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি কোবালা গ্রহীতা উক্ত জমির মধ্যে নিম্ন তপশীল বর্নিত বাদেমশড় মৌজার ৬২ নং খতিয়ান ভুক্ত ৩৪০ তিন শত চল্লিশ নং দাগের মধ্যে স্হানীয় পরিমাপে ৴২ কাঠা ২৯ ` স্কোয়ার ফিট ও রায়পুর মৌজায় সাবেক ও হাল ৯১৮/১৩৮৬ নং দাগের মধ্যে স্হানীয় পরিমাপে ৳৶১৬ স্কোয়ার ফিট জমি যাহা অত্র সহ দাখিলী নকসায় লাল রংয়ে রঞ্জিত প্রদর্শিত ৴৩ তিন কাঠা জমি রূপে প্রদর্শিত হইল তাহা বর্তমান বাজারোচিত সর্বোচচ মূল্য ১০০০০ ̖দশ হাজার টাকা পন মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পন মূল্যের সমুদয় ১০০০০ ̖দশ হাজারটাকা পন বাহায় নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত বা নিম্ন তপশীলবর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনার অনুকূলে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত

for DABUR (Dr. S. K. Burman) Ltd.

সম্পত্তিতে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন ক্রমে আদায় পূর্ববক দান, বিক্রয় বিলি পত্তনাদি সর্বব প্রকার হস্তান্তর অবস্হান্তর ও ইট ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারিত্যে সর্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদিচ্ছা মত ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্হলাভিষিক্ত গন ক্রমে পরম সুখে – নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। বিক্রিত ভূম্যাদিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব লভ্য হক অধিকার সম্পর্ক ইত্যাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তিল বা অর্শিল । কালে কস্মিনে আমরা কিংবা আমাদের ওয়ারেশান স্হলাভিষিক্ত গণক্রমে বা এ্যাসাইনিগন ক্রমে কেহ অত্র বিক্রিত সম্পত্তির দরুন কোন প্রকারদাবী দাওয়া ওজর আপত্তি দাবীদাওয়া করিতে পারিব না ও পারিবেক না । করিলেও তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বেব অন্য কাহারও নিকট কোন প্রকার, দান বিক্রয়, বিলি পত্তনাদির দ্বারা হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই অথবা বিক্রিত ভূমির উপর অন্য কাহারও কোন প্রকার চার্জজ বা ক্লেম নাই, বিক্রিত ভূমি বাকি করের দায়ে বা অন্যকোন কারনে আদালত কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই, অথবা বিক্রিত জমি সম্পর্কে কোন মামলা মোকদদমা চলিত নাই, কিংবা বিক্রিত জমি দেবোত্তর বা ট্রাস্ট ভুক্ত নহে বা উহা কাহারও খোর পোষের দায়ে বা অন্য কোন প্রকার সিকিউরিটিতে আবদ্ধ বা ব্যাঙ্কের দেনার দায়ে আবদ্ধ করা নাই কিংবা কোন কারনে আদালত কর্তৃক ক্রোকাবদ্ধ নাই, বিক্রিত সম্পত্তিগভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী রিকুইজিশান বা এ্যাকুইজিসন করা হয় নাই, কিংবা বিক্রিত জমি ভেসটেড প্রপার্টি নহে। সম্পূর্ন নির্দায় নির্দোষ মুক্ত অবস্হায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ওখাস দখল থাকা কালীন উহা আপনার নিকট বিক্রয় করিলাম । ভবিষ্যতে আমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমাদের শঠতা , তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমাদের স্বত্ব দখলের ন্যুনতা হেতু

For DABUR (Dr. S. K. Burman) Ltd.

Labour Officer

আপনার খরিদা সুত্ব, স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমরা তজ্জন্য দায়ী হইব এবং আইনতঃ ক্ষতি পুরন সহ পন মুল্যের টাকা এক কালীন ফেরত দিতে বাধ্য রহিলাম। বিক্রিত ভুমি সম্পর্কীয় কাগজ পত্র দলিলা দিতে আমাদের অন্যান্য সম্পত্তি জড়িত থাকায় অত্র দলিল পোষকে উহা আপনাকে দিতে পারিলাম না, তবে আপনার আবশ্যক মত উহা যে কোন অফিস আদালতে দর্শাইতে ও দাখিল করিতে বাধ্য রহিলাম।

এতদ্ব্যতীত বিক্রিত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে আমাদের কোন সাক্ষ্য প্রমান সহি সাবুদের আবশ্যক হইলে তাহা বেওজর আপনার অনুকুলে দিতে বাধ্য রহিলাম। এতদভিন্ন অত্র দলিল পোষকে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষকে কোন সংশোধনী দলিল করিবার প্রয়োজন হইলে তাহা বেওজর বিনা পনে আপনার খরচায় অত্র কোম্পানী মায় এ্যাসাইনি গন ক্রমে সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র সহ দাখিলী নকসায় প্রদর্শিত ১৬' প্রশস্থ কমন প্যাসেজের উপর দিয়া আপনি - আপনার ওয়ারেশান স্থলাভিষিক্ত গন ক্রমে যান বাহনাদি সমেত অবাধ যাতায়াত করিতে এবং উক্ত রাস্তার উপর দিয়া বা তলদেশ দিয়া নিজ খরিদা জমিতে ইলেকট্রিক ট্যাপ - ওয়াটার টেলিফোন প্রভৃতি কানেকশানাদি আনয়ন করিবার সুত্বাধিকার সমেত সর্ববিধ ইজমেন্ট সুত্ব পরিচালনা করিতে পারিবেন।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে অত্র কোবালা দাতা কোম্পানীর ক্ষমতাপ্রাপ্ত - ম্যানেজিং ডাইরেকটার শ্রী রতন চাঁদ বর্মন কর্ত্তৃক সম্পাদিত ও ইংরাজী ২৮।৮।৭৫ তারিখে আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসের রেজেষ্ট্রি কৃত ৫৫০নং আমমোক্তার নামার অনুবলে ডাবর - ডাঃ এস, কে, বর্ম্মন - প্রাইভেট লিমিটেড কোম্পানীর নিম্ন তপশীলবর্ণিত জমি সম্পর্কিয় ভারপ্রাপ্ত আমমোক্তার সুরূপে কোবালা দাতা কোম্পানীর ৮।১০।৭৫ তারিখের ডাইরেকটারস বোর্ডের মিটিংয়ে ১নং রেজিউলেসন মর্ম অনুযায়ী অত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া পন মুল্যের টাকা নগদ বুঝিয়া পাইয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ২৪।৯।১৯৭৬। বাংলা ১৩৮৩ সালের ৭ই আশ্বিন।

Phanindra Nath Chakraborty
as a constituted attorney

For DABUR (Dr. S. K. Burman)

১নং তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় –

জেলা ২৪ পরগনা, থানা সদর টালিগঞ্জ, বর্তমানে যাদবপুর, সাবরেজেষ্ট্রি আলিপুর পরগনা খাসপুর রে, সা, নং ১৭ জে এলনং ৩১ মৌজা বাদেমশড় গ্রাম মধ্যে ২৪৬, ১৫১৬–১৫১৮ নং তৌজী ভুক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীনডিষ্ট্রিকট সেটেলমেন্টের ৬২ ॥৭৬॥ নং খতিয়ান ভুক্ত নিস্কর স্হিতিবান স্বত্বের জমি জমা মধ্যে ৩৪০ নং দাগ ভুক্ত জমি মধ্যে বর্তমান খাসদখলীয় জমিরমধ্যে অত্র সহ দাখিলীনকসায় লাল রং এর দ্বারা চিহ্নিত স্হানীয় পরিমাপে কমবেশ ৴২ দুই কাঠা ২৯ স্কোয়ার ফিট জমি মায় যাবতীয় আকরআওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত্ত হক হকুক অত্র কোবালার – বিক্রিত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি খাজনা ভবিষ্যতে ধার্য্য মতে দিতে হইবে।

| খতিয়াননং | দাগনং | শ্রেনী | বিক্রিত জমির পরিমান |
|---|---|---|---|
| সাবেক ৬২ হাল ৭৬ | ৩৪০ তিন শত চল্লিশ | শালি | ৴২–২৯' দুই কাঠা উনত্রিশ স্কোয়ার ফিট |

২নং তপশীল বিক্রিত জমির পরিচয় –

জেলা ২৪ পরগনা থানা যাদবপুর সাবরেজেষ্ট্রি আলিপুর পরগনা খাসপুর রেঃ সাঃনং ২০ জে এলনং ৩৩ নং মৌজা রায়পুর গ্রাম মধ্যে অত্র জেলা কালেকটারির ৫৬নং তৌজী ভুক্ত বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্যসরকার অধীন ডিঃসেঃ ও হাল ৩৯১ নং খতিয়ানভুক্ত বার্ষিক ৩ –০০ টাকা খাজনার রায়ত স্হিতিবান স্বত্বের জমি জমা মধ্যে সাবেক ও হাল ৯১৮/১৩৮৬ নং দাগ ভুক্ত জমির মধ্যে বর্তমান খাস দখলীয় জমি হইতেঅত্র সহ দাখিলী নকসায় লাল রং এর দ্বারা চিহ্নিত স্হানীয় পরিমাপে কমবেশ ৫/১৬ পনের ছটাক ষোল স্কোয়ার ফিট জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ওইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক অত্র – কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে। উহার হারাহারিখাজনাবার্ষিক ২০ পয়সা মাত্র।

মৌজা রায় পুর –

| খতিয়ান | দাগনং | শ্রেনী | বিক্রিত জমির পরিমান |
| --- | --- | --- | --- |
| ৩৯১ | ৯১৮ নয় শত আঠার বাটা ১৩৮৬ তের শত ছিয়াশী | শালি | /৬৫/১৬' পনের ছটাক ষো স্কোয়ার ফিট মাত্র – |

১১২নং তপশীলে মোট /৩ তিন কাঠা শাল জমি বিক্রিত সম্পত্তি হইতেছে।

উহার চৌহদ্দি –

উত্তর ঃ– বাদেমশড় মৌজার ৩৪০ দাগের মধ্যে শিখা ধরের জমি।
দক্ষিন – রায়পুর ১৩৮৬ দাগের বক্রি জমি।
পুর্বব ঃ – মৌজা বাদেমশড় দাগ নং ৩৪৩।
পশ্চিম – ১২ ফুট প্রশস্ত রাস্তা।
[illegible]
[illegible]

টাকার জায় –

১০০৲ শত টাকার নোট ১০০ কেতায় – – – ১০০০০৲ টাকা

মং দশ হাজার টাকামাত্র।

– Phanindra Nath Majumdar

ইসাদী – Ashish Kumar Dhar
D/115, Ramgarh, Cal-47.
Rimal Kumar Das.
6 Green Row, 24 Pargs

টাইপ কারক
শ্রী সুকুমার মজুমদার
শ্রী সুকুমার মজুমদার
আলিপুর জজকোর্ট

Phanindra Nath Majumdar [illegible]
for DABUR (Dr. S. K. Burman)


# SITE PLAN OF R.S. DAG NO. 340 PART OF MOUZA BADEMASAR J.L. NO 31 AND C.S. DAG NO 1386 PART OF MOUZA-RAIPUR J.L. NO 33/2

## P.S.:-TOLLYGUNG (JADAVPUR) DIST:- 24 PARGANAS.

### SCALE:- 20' = 1 INCH.

R.S. DAG NO. 340- 2K- OCH. 29SFT.
C.S. DAG NO. 1386- OK-15CH.16 SFT.
TOTAL-3K- OCH- OSFT.

NOTE
1) LAND SHOWN IN RED
2) AREA OF LAND :- 3K- OCH. OSFT.



Sub-Registrar of Alipore at Alipore.
Dist. 24-Parganas.

Book No. I

Volume no. 83

Pages 113 to 126

Being No. 3471

For the year 1976

Sub-Registrar of Alipore at Alipore.
Dist. 24-Parganas.
25-9-76